সংবাদ

তারিখ ... 5-5-85 ...
পৃষ্ঠা ... কলাম ...

041

# শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশ ও উত্তর কোরিয়া সহযোগিতা বাড়াবে

বাংলাদেশ ও উত্তর কোরিয়া (ডিপিআরকে) মৌলিক (প্রাথমিক) শিক্ষাক্ষেত্রে এবং বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা উন্নয়নে সহযোগিতা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে।

সফররত ডিপিআরকে'র শিক্ষা কমিশনের চেয়ারম্যান মিঃ চো-তে-বোক ও শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ খান গতকাল তাদের আনুষ্ঠানিক আলোচনায় দু'দেশের মধ্যকার সাংস্কৃতিক চুক্তির অগ্রগতি এবং শিক্ষা ও সাংস্কৃতিক ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির উপায় নিয়ে আলোচনা করেন।

সহযোগিতা বৃদ্ধিতে আগ্রহ প্রকাশ করে মিঃ চো চলতি বছরে বাংলাদেশ প্রতিনিধিদলকে উত্তর কোরিয়া সফরের আহ্বান জানান।